

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



০৭/০৮/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ২৪/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৫.২০১৯/২৭৩৭/৮

বিষয়: কারণ দর্শানো মোটিশ।

সূত্র: অধ্যক্ষ এর পত্র নং- ২০১৯/১৮৯৬; তারিখ: ১৯/০৫/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন জামিরতা ডিগ্রি কলেজের এমএলএসএস (মালি) সেলিম রেজার অভিযোগের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুরকে জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ কর্তৃক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে এমএলএসএস (মালি) পদে পূর্বে নিয়োগপ্রাপ্ত সেলিম রেজা এবং পরে নিয়োগপ্রাপ্ত মোঃ শরিফুল ইসলাম এই দুইজনের মধ্যে কাকে এমএলএসএস (মালি) পদে এমপিওভুক্ত করা যায়- সে বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ অনুরোধ করেন।

তদন্ত কর্মকর্তার মতামত এবং সেলিম রেজা, এমএলএসএস (মালি) এর আবেদনের প্রেক্ষিতে পূর্বে স্থট পদে নিয়োগকৃত সেলিম রেজা, এমএলএসএস (মালি) কে জনবল কাঠামো ৯ (ii) ধারা মোতাবেক পদ সমন্বয় না করে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর মৃত্যুজনিত কারণে প্যাটার্নভুক্ত শূণ্য পদে মোঃ শরিফুল ইসলাম, এমএলএসএস (মালি) কে নিয়োগ প্রদান করার কারণ ব্যাখ্যা করার জন্য জামিরতা ডিগ্রি কলেজের অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ জবাব প্রেরণ করেন।

জামিরতা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ হায়দার আলী বর্ণিত কলেজের সেলিম রেজাকে, এমএলএসএস (মালি) পদে সমন্বয় না করার কারণ হিসেবে যে ব্যাখ্যা প্রদান করেছেন তা সন্তোষজনক নয়, তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ২২/০৮/২০১৯খ্রি। তারিখের পত্রের আদেশ মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তির কথা জানালেও সেই পত্রের কপি ও পত্রের প্রেক্ষাপট জানাননি।

এমতাবস্থায়, স্থট পদে নিয়োগকৃত সেলিম রেজা, এমএলএসএস (মালি) কে জনবল কাঠামো ৯ (ii) ধারা মোতাবেক পদ সমন্বয় না করে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর মৃত্যুজনিত কারণে প্যাটার্নভুক্ত শূণ্য পদে মোঃ শরিফুল ইসলাম, এমএলএসএস (মালি) কে নিয়োগ প্রদান করায় জনবল কাঠামোর ১৮.১ এর (খ) ও (গ) ধারা মোতাবেক কেন তাঁর এমপিও কর্তন করা হবে না সে বিষয়ে কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬.০৭.২২

(ফারহানা আকতার)  
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd



জনাব মোঃ হায়দার আলী

অধ্যক্ষ

জামিরতা ডিগ্রি কলেজ

শাহজাদপুর, সিরাজগঞ্জ

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, জামিরতা ডিগ্রি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ২। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ৪। সংরক্ষণ নথি।